

**কোচিং সেন্টারগুলো এতিহ্যবাহী স্কুল
 কলেজে ভর্তির নামে প্রতারণা করছে**

সৈয়দ আবতার ইউসুফ - একশ্রেণীর কোচিং সেন্টারের কোচিং সেন্টারগুলি এসব স্কুল-কলেজের নাম ব্যবহার করে প্রতারণার
 দৌলতাবাদী রাজধানীর এতিহ্যবাহী ও নামীদামী স্কুল-কলেজ কর্তৃপক্ষ এবং আশ্রয় নিয়ে প্রতিনিয়ত বেধাকী ছাত্র ও অভিভাবকদের বিভ্রান্ত করে
 করছে। ব্যাঙ্কের ছাত্তার মত গল্পিয়ে উঠা এ ধরনের ভুইফোড় যাচ্ছে। এসব স্কুল-কলেজের নামে (৯ম পৃঃ ৭-এর কঃ ৫ঃ)

**কোচিং সেন্টারগুলো
 (৩য় পৃঃ পর)**

পত্র-পত্রিকায় বিজ্ঞাপন দিচ্ছে। স্কুল-
 কলেজসমূহের লোগো, ভবনের চিত্র ছাপিয়ে
 প্রচারপত্র আকারে বিলি করছে। বিভিন্ন স্থানে
 পোস্টার-ব্যানার লাগাচ্ছে। এভাবে স্কুল-
 কলেজের সুনাম ও ভাবমূর্তি দিনটির অপচেষ্টা
 চালাচ্ছে। অথচ এসব কোচিং সেন্টারের সঙ্গে
 প্রচারিত স্কুল-কলেজের কোনো সম্পৃক্ততা
 নেই এবং এসব কোচিং সেন্টারে যারা ভর্তি
 হবে বা পড়াশোনা করবে তাদেরকে এসব
 স্কুল বা কলেজের ভর্তি পরীক্ষায় পাস করানো
 হবে না বলে কোন কোন কর্তৃপক্ষ হুনিয়ারি
 উচ্চারণ করেছেন। এ পরিস্থিতিতে
 একশ্রেণীর কোচিং সেন্টার কিছুদিন হুপচাপ
 থেকে পত্র-পত্রিকায় স্কুল ও কলেজ
 কর্তৃপক্ষের বরাত দিয়ে এ মর্মে পুনরায়
 বিজ্ঞাপন দেয়া শুরু করেছে যে, ইতিপূর্বে
 পত্রিকায় প্রকাশিত 'অমুক' কোচিং সেন্টারে
 ভর্তি হলে 'অমুক' কলেজে ভর্তি হবে না।
 জাতীয় বক্তব্যটি প্রত্যাহার করা হয়েছে।
 অথচ কোন স্কুল-কলেজ কর্তৃপক্ষই এ ধরনের
 বক্তব্য দিয়ে কোন বিজ্ঞাপন প্রদান করেননি।
 বলে তারা জানিয়েছেন।
 এদিকে নগরীর বিভিন্ন আবাসিক
 এলাকায় কোচিং সেন্টার গড়ে উঠায় যত্নতর
 গাড়ী পার্কিং ও হর্নের শব্দে পরিবেশ বিঘ্নিত
 হচ্ছে। বিশেষতঃ ঐ সকল এলাকার
 বাসিন্দাগণ এখন পরিস্থিতির নিত্য শিকার।